

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৭৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২০. তৃতীয় অনুচ্ছেদ - ওয়াসিয়াত (অন্তিম উপদেশ বা নির্দেশ)

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَطَعَ مِيرَاثَ وَارِثِهِ قَطَعَ اللَّهُ مِيرَاثَهُ مِنَ الْجَنَّةِ يَوْمَ الْقِيَامَةِ». رَوَاهُ ابْنُ مَاجَهَ

বাংলা

৩০৭৮-[৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ওয়ারিসদের উত্তরাধিকারের অংশ কেটেছে, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা তার জান্নাতের উত্তরাধিকারীর অংশ কেটে নিবেন। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] মাওযু' : ইবনু মাজাহ ২৭০৩, য'ঈফ আল জামি' ৫২২৩। 'আল্লামা বুসীরী বলেন : এর সনদে যায়দ আল 'আম্মী এবং তার সন্তান 'আবদুর রহীম উভয়েই মিথ্যুক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোনো ব্যক্তি যদি তার ওয়ারিসকে মীরাস থেকে বঞ্চিত করে কিয়ামতের দিন আল্লাহ তাকে জান্নাতের মীরাস থেকে বঞ্চিত করবেন। কেননা প্রত্যেক ব্যক্তি আশায় থাকে, সে তার পূর্বসূরীদের থেকে মীরাস পাবে, পরিশেষে যখন ঐ ব্যক্তি তার ওয়ারিসকে বঞ্চিত করে তখন আল্লাহ তা'আলাও ঐ ব্যক্তিকে (যিনি ওয়ারিসকে বঞ্চিত করেছেন তাকে) তার সর্বশেষ প্রত্যাশা জান্নাতপ্রাপ্তি থেকে বঞ্চিত করেন।

'আল্লামা রাগিব বলেনঃ কোনরূপ চুক্তি ব্যতিরেকে অন্যের থেকে কারো নিকট সম্পদের স্থানান্তরকে الْوَرَاثَةُ (ওয়ারাসাহ্) বলা হয়। এ কারণেই উক্ত প্রক্রিয়াকে الْمَيْتَ عَنْ الْمَيْتِ "মৃত ব্যক্তির স্থানান্তরকৃত সম্পদ" নামকরণ করা হয়। কেউ কেউ বলেনঃ কোনো কষ্ট-পরিশ্রম ব্যতীত যা অর্জিত হয় তা-ই 'ওয়ারাসাহ্'। যেমন আল্লাহ তা'আলা বলেনঃ وَلِلَّهِ الْجَنَّةُ الَّتِي أُورِثْتُمُوهَا "এই হলো জান্নাত তোমাদেরকে যার উত্তরাধিকারী করা

হয়েছে”- (সূরা আয্ যুখরুফ ৪৩ : ৭২)। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68405>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন